



## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস : ০২৫৮৮৮৮৮১৮৮



ISO 9001:2015 CERTIFIED

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: [www.pbs2.pabna.gov.bd](http://www.pbs2.pabna.gov.bd)

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২৩-৮৫৫৮

তারিখঃ- ২২ মার্চ ২০২২খ্রিঃ  
০৮ চৈত্র ১৪২৯বঙ্গাব্দ

### উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

১। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কাজের স্বার্থে অত্র সমিতির জন্য আউট সোর্সিং এর মাধ্যমে চুক্তি ভিত্তিতে ০৩(তিন)জন নিরাপত্তা প্রহরী নিয়োগ করা হবে। আউট সোর্সিং প্রক্রিয়ায় লোকবল সরবরাহের নিমিত্তে আগ্রহী নিরাপত্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নম্বর	ক্রয়কৃত সেবার বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১	S-22-23. 08.05.037	আউট সোর্সিং পদ্ধতিতে নিরাপত্তা প্রহরী নিয়োগ -০৩ (তিন) জন। (দরপত্র দলিলে বর্ণিত বিবরণ, শর্ত ও ছক অনুযায়ী)	৫০০/-	৫০,০০০/-	২৭/০৩/২০২২খ্রিঃ হতে ১৬/০৪/২০২২খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১৭/০৪/২০২২খ্রিঃ সোমবার বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত	১৭/০৪/২০২২খ্রিঃ সোমবার বেলা ১১.০৫ ঘটিকা পর্যন্ত

২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।


৩। আগ্রহী দরদাতাগণ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে উপরে উল্লেখিত পরিমাণ অর্থের (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জেনারেল ম্যানেজার বরাবর নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পাবনা পবিস-২ এর সদর দপ্তর, কাশিনাথপুর, পাবনা অথবা পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

৪। দরপত্রে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, কাশিনাথপুর, পাবনা অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র পৌছাতে হবে। বিলম্বে দরপত্র গৃহীত হবে না। দরপত্রের সাথে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলী ব্যাংক হতে উপরে বর্ণিত পরিমাণ অর্থের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র সমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী দাখিলের স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) খোলা হবে।

৫। সরবরাহকারীগণকে পাবনা পবিস-২ কর্তৃক নিরাপত্তা সেবা প্রদান সাপেক্ষে নিয়মানুযায়ী সেবা মূল্য পরিশোধ করা হবে।

০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ০৭(সাত)দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

০৭। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

  
২২-০৩-২০২২  
জেনারেল ম্যানেজার  
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

